বিভাগের নাম	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ
তথ্য অধিকার আইন বাস্তবায়ন	সভায় উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করে উল্লেখ করেন যে, জনগনকে তথ্য প্রদানের লক্ষ্যে সরকার "তথ্য অধিকার আইন, ২০০৯ প্রনয়ন করেছেন এবং উক্ত আইনে জনগনকে তাদের চাহিদা মতে সকল তথ্য সরবরাহের জন্য সকল অফিসে ও ইউনিয়ন পরিষদের তথ্য প্রদানের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষ নিয়োগ করা হয়েছে এবং তথ্য কমিশন সারা দেশের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের ডাটাবেজ সংরক্ষন পূর্বক তথ্য কমিশনের ওয়েব সাইডে আপলোড করে তাদের মাধ্যমে জনগনকে তথ্য প্রাপ্তিতে সহযোগিতা করে থাকেন। কিন্তু উক্ত তথ্য অধিকার আইন সুষ্ঠ বাস্তবায়ন না থাকায় ও এ বিষয় জনগন সচেতন না থাকায় বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং এ কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। একই সংগে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও সুশাসন প্রতিষ্ঠায় জনগণের তথ্য অধিকার নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তাদের দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানান।	সকল কর্মকর্তা/ সকল ইউপি চেয়ারম্যান
ডিজিটাল বাংলাদেশ	সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রত্যেক বিভাগ, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টাল বা তথ্য বাতায়ন তৈরী করা হয়েছে। সে অনুযায়ী অত্র উপজেলায়ও ওয়েব পোর্টাল আছে। উক্ত ওয়েব পোর্টালে প্রত্যেক দপ্তরের কর্মকর্তা কর্মচারীর তথ্যসহ সকল কার্যক্রমের তথ্য হালনাগাদ রাখার জন্য বিশেষভাবে বলা হলো। এছাড়াও অত্র উপজেলাধীন সকল ইউনিয়নের ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য আপলোডসহ বস্তুনিষ্ট তথ্য আপলোডের জন্য বলা হলো। ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদসহ বস্তুনিষ্ট তথ্য আপলোডের জন্য মাননীয় বিভাগীয় কমিশনার বিশেষভাবে নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান ও প্রত্যেক ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।	সকল ট্যাগ অফিসার/সকল কর্মকর্তা/সকল ইউপি চেয়ারম্যান
জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ নিরসন	সভায় জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ নিরসনকল্পে বিস্তারিত আলোচনা হয়। তাড়াশ উপজেলায় বর্তমানে জঙ্গীবাদ নাই। জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ নিরসনে সকলের সহযোগিতা চাওয়া হয়। সিদ্ধান্ত ঃ মসজিদে খুৎবার সময় সমজিদের ইমামগণ যেন জঙ্গীবাদ বিরোধী বক্তব্য প্রদান করেন। এ বিষয়ে ইসলামী ফাউন্ডেশনকে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	অফিসার ইন-চার্জ তাড়াশ থানা/সকল ইউ,পি চেয়ারম্যান
উপজেলা নির্বাহী অফিসার	সভায় উপজেলা নির্বাহী অফিসার সকল বিভাগের বিভাগীয় কার্যক্রমের মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের প্রথম সপ্তাহে জমা দেয়ার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান এবং উন্নয়ন মূলক প্রকল্পগুলি যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া উপজেলা পরিষদের গঠিত সকল উপ-কমিটির সভা সমূহ নিয়মিতভাবে করার জন্য উপজেলা পরিষদের সম্মানিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণকে অনুরোধ করেন। সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, কৃষি, মৎস্য, শিক্ষা, জনস্বাস্থ্য প্রকৌশলী, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগসহ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাদের দায়িত্ব যথাযথভাবে পালনের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া উপজেলা পরিষদের গঠিত সকল উপ-কমিটির সভা সমূহ নিয়মিত ভাবে করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট বিভাগীয় সকল কর্মকর্তা
বিবিধ ঃ	এপ্রিল/১৫ মাসে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা এবং কর্মচারীর বেতন ভাতা বাবদ- ৬১,৪০০/- টাকা, আপ্যায়ন বাবদ- ২০,০০০/- টাকা, অফিস স্টেশনারী বাবদ- ৪,০০০/- টাকা, উপজেলা পরিষদের সরকারী অফিস ও বাসভবনে ইলেকট্রিক্যাল প্লাম্বার ও সাপ্লাই পানির লাইন মেরামত বাবদ- ১১,৯৯০/- টাকা, গ্রাম পুলিশদের এপ্রিল/১৫ মাসের বেতন ভাতা বাবদ- ৬০,০০০/- টাকা, বারুহাস ও নওগাঁ ইউনিয়ন পরিষদে অবসর প্রাপ্ত ইউ,পি সচিবের এককালীন আনুতোষিক ইউ,পি অংশের ৫০% ভাতা বাবদ- ১২,২২,৮৪৮/- টাকা, তাড়াশ সদর ইউ,পি সচিবের বকেয়া বেতন ভাতা বাবদ- ২১,৮৫৩/- টাকা, খেলার মাঠে গোল বার খুটি স্থাপন বাবদ- ৯,৯৩০/- টাকা, ডিজিটাল বাংলাদেশ বির্নিমানের অংশ হিসেবে উপজেলা পরিষদে ওয়াই-ফাই জোন স্থাপন বাবদ- ১৫,০০০/- টাকা ও উপজেলা পরিষদ হলরুমে ব্যানার বোর্ড, দরজা-জানালা ও পর্দা ফিটিং ও মেরামত বাবদ- ১২,০০০/- টাকা প্রয়োজন। সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বাজেটে বরাদ্দকৃত সার্বিক ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ হবে মর্মে সভায় সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট কমিটি

চলমান পাতা-৫

সভায় **উপদেষ্টা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য** (তাড়াশ-রায়গঞ্জ) উপস্থিত সদস্যদের শুভেচ্ছাসহ ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার সহ সকল বিভাগের কর্মকর্তা এবং ইউ,পি চেয়ারম্যানগণের সহযোগিতায় সার্বিক উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের অনুরোধ করেন। সেই সাথে স্বাস্থ্য, শিক্ষা, সমাজ সেবা ও সরকারের উন্নয়ন মূলক কাজ বিধি মোতাবেক সম্পন্ন করার নির্দের্শনা দেন।

সভায় সভাপতি তার বক্তব্যে উপজেলা পরিষদের মাসিক সভায় সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে, টি.আর, কাবিখা প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সকলের প্রতি আহবান জানান। উপজেলা পরিষদের সকল বিভাগীয় কর্মকর্তাগণ কে সাধারন সভায় উপস্থিত থাকার অনুরোধ জানান। উপজেলা পরিষদের সকল সদস্য সমন্বিত ভাবে জনগনের সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করা সহ সকলের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখার জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়া গ্রামীণ স্বাস্থ্য, খেলাধুলা ও শিক্ষার মান উন্নয়নের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার সহ সকল বিভাগের কর্মকর্তা এবং সকল ইউ,পি চেয়ারম্যানগনকে বিশেষভাবে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৪/২০১৫

(মোঃ আব্দুল হক)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাড়াশ, সিরাজগঞ্জ।

উপজেলা পরিষদ
তাড়াশ, সিরাজগঞ্জ ।
ফোন নং-০৭৫২৮-৫৬২০১
ফ্যাক্স নং-০৭৫২৮-৫৬১৯৪ পোষ্ট কোড নং- ৬৭৮০

স্মারক নং ঃ ০৫.৫০.৮৮৮৯.০০০.০৩.০০২.১৩- ৫৬৭ (৪০)   তারিখ ঃ ২৮/০৪/২০১৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬৪, সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ-তাড়াশ) সিরাজগঞ্জ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।

অনুলিপি ঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৯। জেলা, ... অফিসার, সিরাজগঞ্জ।
১০। উপজেলা, ... অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
১১। চেয়ারম্যান, ... (সকল) ইউ, পি, তাড়াশ, সিরাজগঞ্জ।

(মোহাম্মদ জিল্লুর রহমান খান)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
তাড়াশ, সিরাজগঞ্জ।